ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩১৫
কমলপুর, ১২ আগস্ট,২০২৫

**কমলপুরের নগর পঞ্চায়েত**
**এলাকায় হর ঘর তিরঙ্গা র‍্যালি**

৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে আজ কমলপুর নগর পঞ্চায়েত এলাকায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা হর ঘর তিরঙ্গা র‍্যালিতে অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার, বিভিন্ন বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও শিক্ষিকাগণ। এছাড়া আজ কমলপুর টাউনহলে হর ঘর তিরঙ্গা কর্মসূচির অঙ্গ হিসেবে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক মনোজ কান্তি দেব। এছাড়া উপস্থিত ছিলেন কমলপুর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন প্রশান্ত সিনহা, ভাইস চেয়ারপার্সন সুব্রত মজুমদার। কমলপুর নগর পঞ্চায়েত এলাকার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*****